

মিডল্ স্কুলে ভর্তি সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্য

প্রিয় পরিবার,

আপনার সন্তান কি বর্তমানে পঞ্চম গ্রেডে পড়ছে (অথবা তাদের এলিমেন্টারি স্কুলের শেষ গ্রেডে, যদি ভিন্ন হয়)? যদি তাই হয়, এই বছর সে মিডল্ স্কুলে আবেদন করবে! পুরো মিডল্ স্কুল অ্যাডমিশন্স বা ভর্তি প্রক্রিয়া চলাকালে, আমরা আপনার প্রয়োজন অনুযায়ী তথ্য ও সহায়তা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ।

মিডল্ স্কুলে আবেদন এখনও উন্মুক্ত হয়নি। এই হেমস্তের (ফল-এ) শেষ দিকে, আমরা ভর্তির সময়রেখা সংক্রান্ত আরও তথ্য আপনাদের অবহিত করবো।

এই মুহূর্তে, আপনি উল্লিখিতগুলো করতে পারেন:

- মিডল্ স্কুলে ভর্তি সম্পর্কে জানুন! আমাদের [ওয়েবসাইটে](#) ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্য ও ভিডিওগুলো দেখুন।
- [মাইস্কুলস্ মিডল্ স্কুল ডিরেক্টরিতে](#) আগ্রহের স্কুলগুলো সম্পর্কে বিস্তারিত তথ্য খুঁজুন, এবং যেসব কোর্স অফার করছে, অবস্থান, স্পোর্টস্, ও আরও অনেক কিছুর মাধ্যমে স্কুল খুঁজে নিন। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, এই ডিরেক্টরির তথ্য গত বছরের ভর্তি প্রক্রিয়ার প্রতিফলন ঘটায় এবং তা পরিবর্তিত হতে পারে; যখন মিডল্ স্কুলে আবেদন উন্মুক্ত হবে তখন হালনাগাদকৃত তথ্য পাওয়া যাবে।
- আপনার আগ্রহের প্রোগ্রামগুলোর একটি তালিকা তৈরি করুন।

এরপর কী?

এই হেমস্তের (ফল-এর) শেষভাগে, পাবলিক স্কুলের পরিবারবর্গ ডাকযোগে একটি ব্যক্তিগতকৃত স্বাগত চিঠি পাবে, যেটায় আপনার সন্তানের মাইস্কুলস্ অ্যাকাউন্ট পাবার জন্য একটি অনন্য কোড দেয়া হবে। আপনি এই চিঠিটির জন্য আপনার বর্তমান পাবলিক স্কুলের কাছেও অনুরোধ করতে সক্ষম হবেন। প্রাইভেট স্কুলের শিক্ষার্থীরা একটি সংগ্রহ করতে কোনও [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) সাথে যোগাযোগ করতে পারে—তাদের সাথে যোগাযোগ করার জন্য, এই চিঠিটি লভ্য আছে, এই মর্মে একটি ইমেইল পাওয়া পর্যন্ত অনুগ্রহ করে অপেক্ষা করুন। যখন চিঠিগুলো প্রেরণ করা হবে, তখন আমরা আপনাকে অবহিত করবো।

শুভেচ্ছান্তে,

মিডল্ স্কুল অ্যাডমিশন্স টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন